



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট খানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১৩৪/২০১৯/১২১৭৫

তারিখ : ০১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বাকেরগঞ্জ ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর : সাহেবগঞ্জ, উপজেলা : বাকেরগঞ্জ, জেলা : বরিশাল-এর ফাজিল স্নাতক (বি.এ/বি.এস.এস) স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের আবেদন ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাননীয় ভাইস চ্যান্সেলর এর অনুমোদনক্রমে মাদরাসাটির স্নাতক (বি.এ/বি.এস.এস) স্তর নিম্নবর্ণিত শর্তে ২৫.০৪.২০২৩ খ্রি. তারিখ থেকে ২৪.০৪.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :-

১. মাদরাসার অবকাঠামো আরও উন্নত করতে হবে।
২. “হৃদয়ে বঙ্গবন্ধু” কর্ণারকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই দিয়ে সাজাতে হবে।
৩. নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শন ও ফাইলে সংরক্ষণ করতে হবে।
৪. ফাজিল শ্রেণির শিক্ষার্থীদের ক্লাসমুখী করার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৫. কলামনার ক্যাশবই যথানিয়মে পূরণ এবং সকল আয়-ব্যয়ের ভাউচার যথানিয়মে সংরক্ষণ করতে হবে।
৬. শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ের পাশাপাশি আরবি, ইংরেজি ও কম্পিউটারে দক্ষ করে গড়ে তুলতে হবে।
৭. মাদরাসার সাইনবোর্ড ও মাদরাসার প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
৮. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর নির্দেশক্রমে

(Signature) 16.08.2023

ড. জাভেদ আহমাদ

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

বাকেরগঞ্জ ইসলামিয়া ফাজিল মাদরাসা

ডাকঘর : সাহেবগঞ্জ, উপজেলা : বাকেরগঞ্জ, জেলা : বরিশাল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১৩৪/২০১৯/১২১৭৫

তারিখ : ০১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভাইস-চ্যান্সেলর (মাননীয় ভাইস-চ্যান্সেলর এর সদয় অবগতির জন্য), ভাইস-চ্যান্সেলর দপ্তর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, বাকেরগঞ্জ ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর : সাহেবগঞ্জ, উপজেলা : বাকেরগঞ্জ, জেলা : বরিশাল।
৭. অফিস নথি।

(Signature) 16.08.2023

শিরিনা আক্তার

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯১১-৬৮৮৬৯৬